

নানকানা সাহিব গুরুদ্বারে হামলার নিন্দা

পাকিস্তানের নানকানা সাহিব গুরুদ্বারে আক্রমণের ঘটনার তীব্র নিন্দা করে এস ইউ সি আই (কমিউনিস্ট)-এর সাধারণ সম্পাদক কমরেড প্রভাস ঘোষ ৪ জানুয়ারি এক বিবৃতিতে বলেন,

নানকানা সাহিব গুরুদ্বারে দুষ্কৃতীদের হামলার তীব্র নিন্দা করার সাথে সাথে আমরা ওই অপরাধীদের কঠোর শাস্তি দাবি করছি।

এই বীভৎস ঘটনাকে ঘৃণ্য রাজনৈতিক সুবিধালাভের উদ্দেশ্যে ব্যবহারের যে কোনও অপচেষ্টাকে রুখে দেওয়ার জন্য আমরা জনগণের কাছে আবেদন জানাচ্ছি।

দিল্লিতে ছাত্র-শিক্ষকদের উপর নৃশংস হামলা

তীব্র নিন্দা বুদ্ধিজীবী মঞ্চের

বুদ্ধিজীবী মঞ্চের সভাপতি প্রখ্যাত নাট্যব্যক্তিত্ব বিভাস চক্রবর্তী জেএনইউ-তে ছাত্রদের উপর এবিভিপি ও গুণ্ডাদের নৃশংস আক্রমণের ঘটনা প্রসঙ্গে এক বিবৃতিতে বলেন,

“বিদেশি শাসকরা যেমন এক সময় ভারতের স্বাধীনতা হরণ করেছে, মানবাধিকার পদদলিত করেছে, স্বাধীনতা সংগ্রামীদের উপর অকথ্য অত্যাচার ও নির্যাতন চালিয়েছে, আজ স্বাধীন ভারতের এক স্বদেশি সরকার জনগণের জীবন জীবিকা, বাকস্বাধীনতা, নাগরিকত্ব, গণতান্ত্রিক অধিকারের ওপর বেলাগাম রক্তক্ষয়ী আক্রমণ নামিয়ে এনেছে। এই অশুভ শক্তির বিরুদ্ধে লড়াইয়ে দেশের সকল গণতান্ত্রিক বোধসম্পন্ন মানুষকে যোগ দেবার আহ্বান জানাচ্ছে শিল্পী, সাংস্কৃতিক কর্মী ও বুদ্ধিজীবী মঞ্চ। আন্দোলনকারী ছাত্র সম্প্রদায়ের ওপর নৃশংস আক্রমণের তীব্র নিন্দা করছি, ধিক্কার জানাচ্ছি সংশ্লিষ্ট সরকার, প্রশাসন ও শাসকদলের প্রতি।”

সিপিডিআরএসের প্রতিবাদ

মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর সভাপতি বিচারপতি মলয় সেনগুপ্ত এক বিবৃতিতে দিল্লিতে ছাত্রদের উপর হামলায় দোষীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি, দোষী পুলিশ অফিসারদের শাস্তি প্রভৃতি দাবি জানিয়ে প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী ও রাষ্ট্রপতিকে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার জন্য স্মারকলিপি দেওয়ার কথা জানিয়েছেন।

আক্রান্তদের পাশে

মেডিকেল সার্ভিস সেন্টার

সংগঠনের সাধারণ সম্পাদক ডাঃ বিজ্ঞান বেরা জেএনইউ-তে পুলিশি আক্রমণ, ভাঙচুর, আক্রান্তদের উদ্ধার কাজে যাওয়া মেডিকেল টিমের উপর আক্রমণের তীব্র নিন্দা করেছেন। আহতদের চিকিৎসার উদ্দেশ্যে মেডিকেল সার্ভিস সেন্টারের দিল্লি শাখার সেক্রেটারি ডাঃ জিতেন মুর্মু, ‘ন্যাশনাল অ্যাকশন ফোরাম এগেনস্ট এনএমসি-র’ সর্বভারতীয় সম্পাদক ডাঃ বিপ্লব চন্দ্র দুষ্কৃতীদের বাধা অতিক্রম করে আহতদের চিকিৎসার জন্য উপস্থিত হন।

জেএনইউ-তে ছাত্র-শিক্ষকদের উপর
এবিভিপি-র বর্বর হামলার প্রতিবাদে
ত্রিপুরার আগরতলায় বিক্ষোভ

বেঙ্গালুরুতে এনআরসি-সিএএ-র বিরুদ্ধে কনভেনশন

এআইডিএসও কর্পাস রাজ্য কমিটির ডাকে ২৮ ডিসেম্বর বাঙ্গালোরে গান্ধীভবনে নাগরিক কনভেনশন অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন উর্দু পত্রিকা ‘সিয়াসাত’-এর ডিরেক্টর জহিরুদ্দিন আলি খান, প্রাক্তন অ্যাডভোকেট জেনারেল অধ্যাপক রবি ভার্মা কুমার, প্রখ্যাত প্রাবন্ধিক কে সি রঘু, প্রাক্তন আই এ এস

অফিসার শশিকান্ত সেনাথিল, এস ইউ সি আই (সি)-র রাজ্য সম্পাদক কে উমা, এ আই ডি এস ও-র সর্বভারতীয় সভাপতি ভি এন রাজশেখর। সভাপতিত্ব করেন সংগঠনের রাজ্য সভাপতি অশ্বিনী কে এস। বক্তারা এনআরসি এবং সিএএ-র বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।

বিশিষ্ট মার্কসবাদী চিন্তানায়ক কমরেড শিবদাস ঘোষের

দ্বন্দ্বমূলক বস্তুবাদী দর্শন সংক্রান্ত তিনটি আলোচনার

সংকলন প্রকাশিত হল

মার্কসবাদ প্রসঙ্গে

মূল্য : ৫০ টাকা

কলকাতায় এনআরসি-সিএএ বিরোধী

কনভেনশন ডি এস ও-র

বিভেদকামী এনআরসি-সিএএ বিরোধী ছাত্র আন্দোলন রাষ্ট্রীয় সম্মুখ ও দেশ জুড়ে সাম্প্রদায়িক পরিবেশ সৃষ্টির চক্রান্তের বিরুদ্ধে এআইডিএসও পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির আহ্বানে ২ জানুয়ারি কলকাতার কলেজ স্কোয়ারে কনভেনশন অনুষ্ঠিত হয়।

কনভেনশনে বক্তব্য রাখেন জামিয়া-মিলিয়া-ইসলামিয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র নেত্রী

সোমিয়া সামল, দিল্লি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র নেত্রী ও সংগঠনের দিল্লি রাজ্য সম্পাদক শ্রেয়া সিং। আলিগড় বিশ্ববিদ্যালয়ের ছাত্র প্রতিনিধি সহ এ রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পাঁচ শতাধিক ছাত্র প্রতিনিধি উপস্থিত ছিলেন। বিশিষ্ট গণসঙ্গীত শিল্পী প্রতুল মুখোপাধ্যায়, বিশিষ্ট মানবাধিকার কর্মী সুজাত ভদ্র, এনআরসি বিরোধী নাগরিক কমিটির সম্পাদক গোপাল বিশ্বাস, এ আই ডি এস ও-র সাধারণ সম্পাদক সৌরভ ঘোষ সহ রাজ্য নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

কনভেনশন গোটা দেশ জুড়ে এনআরসি-সিএএ-এর বিরুদ্ধে চলমান আন্দোলনকে সংহতি ও আন্দোলনে নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করে এবং জনসাধারণের গণতান্ত্রিক আন্দোলনের উপর রাষ্ট্রীয় অত্যাচার, পুলিশি জুলুমের প্রতিবাদে, ক্যাম্পাসে পুলিশের অত্যাচারের বিরুদ্ধে আন্দোলনকে শক্তিশালী করে গড়ে তোলার আহ্বান জানান।

নারী ও শিশু নির্যাতন এবং পাচার বন্ধ করতে, মদ নিষিদ্ধ করতে, অশ্লীলতা-অপসংস্কৃতি বন্ধ করতে, সমকাজে সম মজুরি ও ন্যূনতম মজুরি ২১০০০ টাকা করতে, নারী এবং শিশুদের নিরাপত্তা ও মর্যাদা সুনিশ্চিত করতে

অল ইন্ডিয়া মহিলা সাংস্কৃতিক সংগঠনের চতুর্থ সর্বভারতীয় মহিলা সম্মেলন

প্রকাশ্য সমাবেশ : ২১ জানুয়ারি, রানি রাসমণি অ্যাভিনিউ, কলকাতা

বক্তা : মেধা পাটকর, গণআন্দোলনের বিশিষ্ট নেত্রী
পার্থসারথী সেনগুপ্ত, বিশিষ্ট আইনজীবী
কমরেড সৌমেন বসু, পলিটবুরো সদস্য, এস ইউ সি আই (সি)
সভাপতি : কমরেড ছায়া মুখার্জী, সর্বভারতীয় সভাপতি
উপস্থিত থাকবেন বাংলাদেশের ভ্রাতৃপ্রতিম সংগঠনের নেতৃবৃন্দ

প্রতিনিধি অধিবেশন : ২২-২৩ জানুয়ারি, শরৎ সদন, হাওড়া

দিল্লিতে এনআরসি-সিএএ বিরোধী নাগরিক কনভেনশন

এআইডিএসও, এআইডি ওয়াইও, এআইএমএসএসএস-এর উদ্যোগে এনআরসি-সিএএ-এর বিরুদ্ধে এবং গণআন্দোলনে পুলিশি অত্যাচারের প্রতিবাদে ৫ জানুয়ারি দিল্লিতে নাগরিক কনভেনশন অনুষ্ঠিত হয়। বহু

বিশিষ্টজন এবং সংগঠনগুলির নেতারা এই কনভেনশনে বক্তব্য রাখেন। কনভেনশন থেকে রাজ্যব্যাপী স্বাক্ষর সংগ্রহ ও প্রচার কর্মসূচি নেওয়া হয়।